

বাংলা ট্রিবিউন

আইসিবিএম-২০১৯ শিক্ষাক্ষেত্রের জন্য মাইলফলক: সংস্কৃতি প্রতিমন্ত্রী

বাংলা ট্রিবিউন ডেস্ক

প্রকাশিত: ২২:৩৭, এপ্রিল ২৮, ২০১৯ | সর্বশেষ আপডেট: ২২:৪০, এপ্রিল ২৮, ২০১৯



‘ব্যবসা ও ব্যবস্থাপনা বিষয়ক আন্তর্জাতিক এই সম্মেলন অ্যাকাডেমিয়া ও ইন্ডাস্ট্রির মধ্যে সেতুবন্ধন ঘটানোর পাশাপাশি দেশের শিক্ষাক্ষেত্রে মাইলফলক হিসেবে কাজ করবে। এ ধরনের আয়োজন সৃজনশীল চিন্তাভাবনা ও গবেষণায় মনোনিবেশ ঘটাতে পারে’— ব্র্যাক ইউনিভার্সিটি আয়োজিত তিন দিনের ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস ম্যানেজমেন্ট (আইসিবিএম-২০১৯) প্রসঙ্গে এভাবে নিজের মনোভাব ব্যক্ত করেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ। রাজধানী একটি পাঁচতারকা হোটেলে শনিবার (২৭ এপ্রিল) আন্তর্জাতিক সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে তিনি এসব বলেন।

কে এম খালিদ আরও বলেন, 'ব্র্যাক ইউনিভার্সিটি দেশের ইতিবাচক উন্নয়ন ও গবেষণায় অসামান্য অবদান রেখে চলেছে। শিক্ষা ও শিল্প প্রতিষ্ঠানের মধ্যে বিদ্যমান সম্পর্ক উন্নয়নে এ ধরনের সম্মেলন আরও বেশি হওয়া উচিত। আমার বিশ্বাস,এটি গবেষকদের পেশাগত উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে।'

সংস্কৃতি প্রতিমন্ত্রীর মন্তব্য, বিশ্বপরিসরে প্রতিযোগিতা সক্ষমতা অর্জনে আমরা অগ্রগতির ধারায় রয়েছি, এটি নিঃসন্দেহে ইতিবাচক। তবে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে আরও এগোতে হবে। প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন তিনি।

প্রতিমন্ত্রীর সঙ্গে একমত ব্র্যাক ইউনিভার্সিটির উপাচার্য ভিনসেন্ট চ্যাং। তিনি বলেন, 'শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে এ ধরনের আয়োজন যুগান্তকারী ভূমিকা পালন করে থাকে। এটা কেবলই শুরু,কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে এখনও অনেকটা পথ আমাদের পাড়ি দিতে হবে।'

সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে ব্র্যাক ইউনিভার্সিটির উপ-উপাচার্য ড. মোহাম্মদ তামিম বলেন,'প্রযুক্তির উত্তরোত্তর বিকাশের সুবাদে চাকরির বাজারে আমূল পরিবর্তন এসেছে। ব্র্যাক ইউনিভার্সিটি শিক্ষার্থীদের সব পরিবেশ মোকাবিলা করার মতো দক্ষভাবে গড়ে তুলছে।'

অনুষ্ঠানে আরও ছিলেন এসিআই গ্রুপের চেয়ারম্যান আনিস উদ দৌলা, ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর মোহাম্মদ মাহবুব রহমান,প্রোগ্রাম চেয়ার ড. মামুন হাবিব,তাইওয়ানের চুং ইয়াং ক্রিস্টিয়ান ইউনিভার্সিটির প্রফেসর ড. হুই মিং ইউ ও ন্যাশনাল চুং সিং ইউনিভার্সিটির প্রফেসর ড. জং রু লি।

গত ২৫ এপ্রিল শুরু হওয়া আন্তর্জাতিক সম্মেলনটি হয়ে ওঠে শিক্ষার্থী-গ্র্যাজুয়েট ও গবেষকদের মিলনমেলা। বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়ের ওপর ১৭০টি প্রবন্ধ উপস্থাপিত হয় এই আয়োজনে। এগুলোতে দেশ-বিদেশের ২৫০ জন গবেষক অংশগ্রহণ করেন।